Faruque Hassan
President

BGMEA

বিজিএ/কাস/২০২৪/৮৮ 04 এপ্রিল, ২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ গ্রুপভুক্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানী ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা না হলে সেক্ষেত্রে গ্রুপভুক্ত অন্য ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানীকে ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

**সূত্র** ঃ বিআরপিডি সার্কুলার নং-০৭ তারিখঃ ০৩/০৪/২০২৪ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। এখন থেকে গ্রুপভুক্ত খেলাপী কোন একটি প্রতিষ্ঠান বা কোম্পানী ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে চিহ্নিত/তালিকাভুক্ত না হলে ঐ গ্রুপভুক্ত অন্য কোন /সকল প্রতিষ্ঠান বা কোম্পানীকে বাংলাদেশ ব্যাংক হতে পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ঋণ সুবিধা প্রদান করা যাবে মর্মে নির্দেশনা সম্বলিত সূত্রোক্ত সার্কুলার বাংলাদেশ ব্যাংক জারী করেছে।

উল্লেখ্য, আগের নিয়ম অনুসারে পরস্পর স্বার্থ সংশ্লিষ্ট গ্রুপভুক্ত কোন খেলাপী ব্যক্তি বা ক্ষেতমত, প্রতিষ্ঠান বা কোম্পানী যদি ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা না হয় এবং বাংলাদেশ ব্যাংকের নিকট যদি প্রতীয়মান হয় যে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ার ক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ রয়েছে, তাহলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী খেলাপী হওয়ার কারণে ঐ গ্রুপভুক্ত অন্য কোন প্রতিষ্ঠান বা কোম্পানী খেলাপী বলে গণ্য হবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা কোম্পানীকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে ঋণ সুবিধা প্রদান করা যাবে মর্মে উল্লেখ ছিল।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org



CamScanner

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার নং-০৭

তারিখ: ০৩ এপ্রিল ২০২৪ / ২০ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**গ্রুপভুক্ত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানী ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা না হলে সেক্ষেত্রে গ্রুপভুক্ত অন্য ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানীকে ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে**

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ধারা ২৭কক(৩) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত আইনের ধারা ২৭কক(৩) এ কোনো খেলাপী ঋণগ্রহীতার অনুকূলে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কোনোরূপ ঋণ সুবিধা প্রদান করবে না মর্মে উল্লেখ রয়েছে। তবে, একই আইনের ৫(গগ) ধারার বিধান অনুসারে পরস্পর স্বার্থ সংশ্লিষ্ট গ্রুপভুক্ত কোনো খেলাপী ব্যক্তি বা ক্ষেত্রমত, প্রতিষ্ঠান বা কোম্পানী যদি ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা না হয় এবং বাংলাদেশ ব্যাংকের নিকট যদি প্রতীয়মান হয় যে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ার ক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ রয়েছে, তাহলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী খেলাপী হওয়ার কারণে ঐ গ্রুপভুক্ত অন্য কোনো প্রতিষ্ঠান বা কোম্পানী খেলাপী বলে গণ্য হবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা কোম্পানীকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে ঋণ সুবিধা প্রদান করা যাবে মর্মে উল্লেখ রয়েছে।

৩। এক্ষণে, গ্রুপভুক্ত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানী ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা না হলে সেক্ষেত্রে গ্রুপভুক্ত অন্য ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানীকে ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

(১) কোনো ঋণ গ্রহীতা খেলাপী হিসেবে চিহ্নিত হলে উক্ত খেলাপী ঋণ গ্রহীতার অনুকূলে ব্যাংক কর্তৃক কোনোরূপ ঋণ সুবিধা প্রদান করা যাবে না;

(২) গ্রুপভুক্ত খেলাপী কোন একটি প্রতিষ্ঠান বা কোম্পানী ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে চিহ্নিত/তালিকাভুক্ত না হলে ঐ গ্রুপভুক্ত অন্য কোনো/সকল প্রতিষ্ঠান বা কোম্পানীকে বাংলাদেশ ব্যাংক হতে পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ঋণ সুবিধা প্রদান করা যাবে;

(৩) তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গ্রুপভুক্ত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানীকে চূড়ান্তভাবে ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে তালিকাভুক্ত করার পর উক্ত তালিকাভুক্তির বিরুদ্ধে সংক্ষুব্ধ ঋণ গ্রহীতা কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নিকট আপীল করা হলে, উক্ত আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অনুচ্ছেদ নং-৩(২) এ বর্ণিত সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন করা যাবে না;

(৪) গ্রুপভুক্ত প্রতিষ্ঠান বা কোম্পানীকে উপর্যুক্ত অনুচ্ছেদসমূহের আওতায় এরূপ ঋণ সুবিধা প্রদানের পরবর্তী ০১(এক) বছরের মধ্যে গ্রুপভুক্ত খেলাপী ঋণহিসাবটি বিদ্যমান আইন/নীতিমালা অনুসরণ করত সমন্বয়/নিয়মিত করতে হবে। উক্ত সময়ের মধ্যে খেলাপী ঋণহিসাব সমন্বয়/নিয়মিত করতে ব্যর্থ হলে অথবা ঋণহিসাব নিয়মিতকরণের পর পুনরায় খেলাপী হিসেবে চিহ্নিত হলে গ্রুপভুক্ত অন্যান্য প্রতিষ্ঠান বা কোম্পানীকে নতুন করে আর কোনো ঋণ সুবিধা প্রদান করা যাবে না;

(৫) বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের লক্ষ্যে তফসিলি ব্যাংক কর্তৃক তাদের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ সাপেক্ষে সংযোজনী-ক মোতাবেক আবেদন করতে হবে এবং এতদ্‌সংক্রান্ত ঋণ সুবিধা প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

(৬) বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত আবেদনপত্রের সাথে গ্রুপভুক্ত খেলাপী ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানী খেলাপী হওয়ার কারণসমূহ উল্লেখ করে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

(৭) উক্ত খেলাপী ঋণ গ্রহীতা ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা কি না তা নিশ্চিত হওয়ার লক্ষ্যে এ সংক্রান্ত হালনাগাদ সিআইবি রিপোর্ট সংযুক্ত করতে হবে। সিআইবি-তে রিপোর্টিং এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা জারির পূর্ব পর্যন্ত উক্ত খেলাপী ঋণ গ্রহীতা ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা নন মর্মে সংশ্লিষ্ট সকল ঋণদাতা ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে প্রত্যয়নপত্র গ্রহণ করত তা সংযুক্ত করতে হবে;

(৮) এতদ্সংক্রান্ত ব্যাংকের যাচিত পূর্বানুমোদনের আবেদন নিষ্পত্তির নিমিত্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় যাচিত প্রয়োজনীয় কাগজপত্র/দলিলাদি ব্যাংক কর্তৃক সরবরাহ করতে হবে;

(৯) পূর্বানুমোদন প্রদানের পূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গ্রুপভুক্ত খেলাপী ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানী খেলাপী হওয়ার যুক্তিসঙ্গত কারণ, ঋণ আবেদনকারী সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার ব্যাংক হিসাব ও প্রতিষ্ঠানের কার্যক্রম এবং পরিদর্শন দলের বিবেচনায় প্রয়োজনীয় বিষয়াবলী পর্যালোচনার লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করা হবে;

(১০) এরূপ পূর্বানুমোদন প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক(৩) ও ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক(বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

সংযোজনী-ক

সূত্র: তারিখ:

পরিচালক (বিআরপিডি)
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

প্রিয় মহোদয়,

**বিষয়: 'ABC' গ্রুপের 'A' নামীয় ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানী ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা না হওয়ায় 'ABC' গ্রুপের 'B/C' নামীয় প্রতিষ্ঠান বা কোম্পানীকে ঋণ সুবিধা প্রদানের নিমিত্ত পূর্বানুমোদন প্রদান প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ:০৩ এপ্রিল ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। আমাদের গ্রাহক 'ABC' গ্রুপের 'B/C' নামীয় প্রতিষ্ঠান বা কোম্পানীকে আমরা ঋণ সুবিধা প্রদান করতে ইচ্ছুক। কিন্তু 'ABC' গ্রুপের 'A' নামীয় ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানী সর্বশেষ ---/---/২০---- তারিখের সিআইবি রিপোর্ট (কপি সংযুক্ত) অনুযায়ী ------ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক/খেলাপী (শ্রেণিমান:নিম্নমান/সন্দেহজনক/মন্দ বা ক্ষতিজনক) হিসেবে রিপোর্টকৃত। উল্লেখ্য, 'A' নামীয় ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানীটি ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা নন/নয় (প্রমাণক সংযুক্ত) এবং তার/এটির খেলাপী হওয়ার কারণসমূহ উল্লেখ করত এতদ্বিষয়ক একটি প্রতিবেদন এতদ্‌সঙ্গে দাখিল করা হলো। তাছাড়া, সূত্রোক্ত সার্কুলারের সকল নির্দেশনা অনুসরণপূর্বক 'ABC' গ্রুপের 'B/C' নামীয় প্রতিষ্ঠান বা কোম্পানীকে ঋণ সুবিধা প্রদান করার বিষয়টি পরিচালনা পর্ষদের ---/---/২০---- তারিখের -----তম সভায় বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের শর্তে অনুমোদিত হয়েছে (সিদ্ধান্তের সত্যায়িত কপি সংযুক্ত)। 'ABC' গ্রুপভুক্ত সকল প্রতিষ্ঠান বা কোম্পানীর ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত বিদ্যমান সকল ঋণ সংশ্লিষ্ট তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো:

| ক্রম | ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানীর নাম | ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম | ঋণের পরিমাণ | শ্রেণিকৃত ঋণের পরিমাণ | খেলাপী কিনা (হ্যাঁ/না) | ইচ্ছাকৃত খেলাপী কিনা (হ্যাঁ/না) | খেলাপী হওয়ার সংক্ষিপ্ত কারণ (বিস্তারিত প্রতিবেদন সংযুক্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |

৩। গ্রাহক 'ABC' গ্রুপের 'B/C' নামীয় প্রতিষ্ঠান বা কোম্পানীর অনুকূলে প্রস্তাবিত ঋণ সুবিধা/সুবিধাসমূহের তথ্য:

| ক্রম | ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানীর নাম | ঋণের প্রকৃতি | বিদ্যমান ঋণ সীমা/ ঋণের পরিমাণ | প্রস্তাবিত ঋণ সীমা/ ঋণের পরিমাণ | মেয়াদ | গৃহীত/গৃহীতব্য জামানতের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | |
| ২ | | | | | | | |
| ৩ | | | | | | | |

৪। এক্ষণে, বর্ণিত প্রেক্ষাপটে আমাদের গ্রাহক 'ABC' গ্রুপের 'B/C' নামীয় প্রতিষ্ঠান বা কোম্পানীকে ঋণ সুবিধা প্রদান করার নিমিত্ত অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষর:
নাম:
পদবী:
ফোন নং:

<u>আবেদন সংক্রান্ত বিষয়ে যোগাযোগের জন্য</u>
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:
পদবী:
অফিস ফোন নং:
মোবাইল ফোন নং:
ই-মেইল: